

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৪৫.১৭৪.০০২.২১.০০.০২১.২০১২-১৬৪

তারিখ : ২৯.০৪.২০১৫ খ্রিঃ

প্রেরক : ড. মো: এনামুল হক
উপ সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং” অপারেশনাল প্ল্যানের অনুকূলে বৈদেশিক প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য ৭৯,৫০,৬৭১.৬০ টাকা (উনআশি লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত একাত্তর টাকা ষাট পয়সা) টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপি’র আওতায় “সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং” (কোড নং-৫-২৭০১-৫৫১০) অপারেশনাল প্ল্যানের চলতি ২০১৪-১৫ অর্থবছরে এডিপি বরাদ্দ অনুসারে আরপিএ (জিওবি) খাতে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত ১৭৫.০০ লক্ষ টাকা হতে ১৪ জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণ বাবদ ৬৬,৩৪,৭৭১.৬০ টাকা এবং ০৪ জন কর্মকর্তার North South University, Bangladesh-এ ১৬ (ষোল) মাস মেয়াদী Master of Public Health (MPH) কোর্সের বিশ্ববিদ্যালয়ের খরচ ১৩,১৫,৯০০.০০ টাকাসহ সর্বমোট ৭৯,৫০,৬৭১.৬০ টাকা (উনআশি লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত একাত্তর টাকা ষাট পয়সা) অগ্রিম উত্তোলনে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছি।

শর্তাবলী:

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- (ঘ) ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে; এবং
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। এ অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচপিএনএসডিপি’র “সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং” (কোড নং-৫-২৭০১-৫৫১০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৪-১৫ অর্থ বছরের আরপিএ (জিওবি) খাত হতে (কোড ৫-২৭০১-৫৫১০-৪৮৪০) ব্যয় করা হবে।

৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারি করা হলো (কপি সংযুক্ত)।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোন: ৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দৃষ্টব্য -

স্মারক নং- ৪৫.১৭৪.০০২.২১.০০.০২১.২০১২-১৬৪/১(৫)

তারিখ : ২৯.০৪.২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
২. উপ-প্রধান (স্বাস্থ্য) ও লাইন ডাইরেক্টর, “সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



(ড. মো: এনামুল হক)
উপ সচিব